# তেরখাদা উপজেলা পরিষদের অক্টোবর-২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জান্নাতুল আফরোজ স্বর্ণা
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ৩০-১০-২০২৫ খ্রিঃ, বেলাঃ ১২.০০ ঘটিকা।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, তেরখাদা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)

সভার শুরুতে উপজেলা পরিষদের প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত উপজেলা প্রশাসনের সকল দপ্তর প্রধানকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের জনসেবা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। অতপর উপজেলা নির্বাহী অফিসার এ সভার কার্যক্রম পরিচালনা করেন এবং নির্ধারিত বিষয়ে আলোচনা করার জন্য সকল সম্মানিত সদস্যকে আহবান জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ করা হয়।

সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | সভা ও স্থায়ী কমিটি | উপজেলা পরিষদের প্রশাসক মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে। কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহ্বান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। তিনি প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহ্বান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহ্বান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রণয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠমো | (১) ৫ নং তেরখাদা ইউনিয়নের চেয়ারম্যান জনাব এফ এম অহিদুজ্জামান উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করত বলেন ২০২৫ -২০২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) এর আওতায় ১ম কিস্তিতে বরাদ্দ পাওয়া গেছে। তিনি প্রাপ্ত বরাদ্দের বিপরিতে প্রকল্প অনুমোদনের জন্য অনুরোধ জানান। চলতি বছরের এডিপি প্রকল্পের তালিকা দ্রুততম সময়ে দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। উন্নয়নমূলক কাজসমূহ সঠিক সময়ে বাস্তবায়নের জন্য প্রকল্পের তালিকা সময়মতো পাওয়া অত্যন্ত জরুরি। তালিকা দাখিল বিলম্বিত হলে মূল্যায়ন, অনুমোদন ও অর্থ বরাদ্দের প্রক্রিয়া ধীর হয়ে যায়। প্রতিটি প্রকল্প বাস্তব প্রয়োজন অনুযায়ী সঠিক তথ্যসহ দাখিল করার অনুরোধ জানান। উন্নয়ন কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে পূর্ণাঙ্গ নথিপত্র সংযুক্ত করা আবশ্যক মর্মে অবহিত করেন। | (১)উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে তেরখাদা উপজেলার ০৬টি ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ রাস্তা কালভার্ট, কাঠের ব্রীজ, ইউড্রেনসহ অন্যান্য প্রকল্প সমূহের প্রস্তাব প্রেরনের জন্য ইউপি চেয়ারম্যানরে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল ইউপি চেয়ারম্যান ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | (২) উপজেলা প্রকৌশলী সভায় সকলের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন, বলরধনা মোড় হতে কলাবাড়িয়া অভিমুখী ছোট ব্রীজ ভায়া থানা আদর্শ সরকারী সাথমিক বিদ্যালয় সড়ক দীর্ঘদিন অবহেলিত ও ব্যবহার অনুপোযোগী হয়ে পরেছে। এই সড়কের চেইনেজ ০০মিঃ এ বলরধনা হাই স্কুল চেইনেজ ২৭৫ মিঃ এ থানা আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয় অবস্থিত। তিনি জানান, সড়কটি সংস্কার করার জন্য এলাকাবাসি একটি আবেদন করেছেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের প্রশাসক বলেন, সড়কটি উন্নয়নের জন্য এলাকাবাসি একাধিকবার আবেদন করেছেন। এই সড়কে একটি বাজার ও একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। রাস্তাটি আন্ত উপজেলা সংযোগ সড়ক। যা দ্রুত মেরামত করা প্রয়োজন।<br><br>এই সড়ক দিয়ে প্রতিদিন ৪৫০-৫০০ ছেলে-মেয়ে স্কুল কলেজে যাতায়াতের সময় ভোগান্তি ও দুর্ঘটনার সম্মুখীন হচ্ছে। সড়কটি দির্ঘ্যদিন যাবৎ সংসকআর না হওয়ায় ভগ্নদসা হয়ে পড়েছে আছে এবং পথচারী ও যানবাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। অতিদ্রুত এই সড়ক সংস্কার করা না হলে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। সড়টি উন্নয়ন করা হলে এলাকার যোগাযোগ ব্যবস্থা ও আর্থ-সামাজিক উন্নতি হবে। তিনি সড়কটি উন্নয়নের জন্য আর্থিক বরাদ্দ প্রদানের অনুরোধ জনান এবং বলেন জনগুরুত্বপূর্ণ সড়কটি উন্নয়নের জন্য ইতোমধ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে যা এ সভায় অনুমোদন করা প্রয়োজন। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | (২)উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে তেরখাদা উপজেলার "বলরধনা মোড় হতে কলাবাড়িয়া অভিমুখী ছোট ব্রীজ ভায়া থানা আদর্শ সরকারী সাথমিক বিদ্যালয় সড়ক" সংস্কারে ৩১,৫১,১৩৪/- (একত্রিশ লক্ষ একান্ন হাজার একশতচৌত্রিশ) টাকার প্রাক্কলন সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের উন্নয়ণ তহবিলের আওতায় প্রকল্পটি বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং সরকারি বিধি বিধান মোতাবেক প্রকল্পটি বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৩ | মহিলা ও শিশু বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন, ২০২৫-২০২৬ চক্রে ভিডাব্লিউবি কার্যক্রমের আওতায় পরিপত্র মোতাবেক প্রত্যেক ভাতা ভোগীর নামে স্ব স্ব ব্যাংক হিসাব খোলার বিধান রয়েছে। সে মোতাবেক সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের ইউনিয়ন পর্যায়ে চুড়ান্ত ভাবে নির্বাচিত ভাতা ভোগীদের নামে হিসাব খোলার জন্য অনুরোধ জানান। রাষ্ট্রায়ত্ব যেকোন ব্যাংক/ যেকোন অনলাইন ব্যাংক/এজেন্ট ব্যাংকে ও হিসাব খোলা যাবে। জনপ্রতিনিধিগণ তাদের নিকটবর্তী যেকোন ব্যাংকিং এ পছন্দ অনুযায়ী হিসাব পরিচালনা করতে পারবেন। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রত্যেক ভাতা ভোগীর নামে স্ব স্ব ব্যাংক হিসাব খোলার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান সকল ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৪ | মৎস্য ও প্রানি সম্পদ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, ইলিশ সংরক্ষণ মৌসুমে তেরখাদা উপজেলায় ৩০০ জন জেলে পরিবারকে ভিজিএফ চাউল বিতরণ করতে পেরে আমরা আনন্দিত। সরকার সবসময় জেলেদের পাশে আছে । তিনি বলেন, ইলিশের প্রজননকালীন সময়ে মাছ ধরা বন্ধ রাখা হলে পরবর্তী মৌসুমে বেশি মাছ ধরা যায়। এ কারণে ২৫ সেন্টিমিটারের নিচের কোনো ইলিশ ধরা সম্পূর্ণ নিষিদ্ধ। ছোট ইলিশ ধরা হলে তারা বড় হতে পারে না, ডিম দিতে পারে না, ফলে মাছের সংখ্যা কমে যায়। তিনি ছোট বা জাটকা ইলিশ ধরা থেকে অবশ্যই বিরত থাকার অনুরোধ জানান। জেলেদের উদ্দেশ্যে বলেন, সরকারের দেওয়া ভিজিএফ সহায়তা আপনাদের কষ্ট কিছুটা লাঘব করবে এই আশা ব্যক্ত করেন। ইলিশ রক্ষা মানে আমাদের ভবিষ্যৎ রক্ষা আপনারা সবাই সহযোগিতা করলে আমাদের নদী আবারও ইলিশে ভরে উঠবে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | প্রাথমিক ও গণশিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন মানসম্মত শিক্ষা কেবল একটি দাবি নয় এটি আমাদের জাতির ভবিষ্যৎ গঠনের ভিত্তি। মানসম্মত শিক্ষা বলতে শুধু বই মুখস্থ করা নয় বরং জ্ঞান, দক্ষতা, মূল্যবোধ ও আচরণগত উন্নয়ন এই চারটির সমন্বয় বোঝায়। আমাদের শিক্ষার্থীরা যেন বাস্তব জীবনে সমস্যা সমাধান করতে পারে, সেটাই হচ্ছে প্রকৃত শিক্ষার উদ্দেশ্য। শিক্ষকদের প্রশিক্ষণ, আধুনিক পদ্ধতির ব্যবহার এবং শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ এসবই মানসম্মত শিক্ষার মূল স্তম্ভ। ডিজিটাল বাংলাদেশে শিক্ষার সুযোগ এখন আরও বিস্তৃত হয়েছে, তাই প্রযুক্তিনির্ভর পাঠদানকে গুরুত্ব দিতে সকলকে অনুরোধ জানান। প্রতিটি বিদ্যালয়ে সুশৃঙ্খল পরিবেশ, পর্যাপ্ত উপকরণ এবং পাঠদানে সৃজনশীলতা নিশ্চিত করতে জনপ্রতিনিধিদের আহবান জানান। তিনি অভিভাবকদেরও স্কুলের সঙ্গে সক্রিয়ভাবে সংযুক্ত থাকতে অনুরোধ জানান। তিনি বলেন, মানসম্মত শিক্ষা কেবল বিদ্যালয়ের দায়িত্ব নয় এটি শিক্ষক, অভিভাবক ও সমাজের সম্মিলিত প্রচেষ্টা। তিনি শিক্ষা বৃত্তি বিষয়ে বলেন, বর্তমান সরকারের শিক্ষা উপবৃত্তি প্রদান কার্যক্রম সম্পূর্ণভাবে বৈধ বিদ কার্ডের মাধ্যমে পরিচালিত হচ্ছে, যাতে প্রতিটি শিক্ষার্থী সঠিকভাবে উপকৃত হতে পারে। বিদ নম্বরের মাধ্যমে শিক্ষার্থীর পরিচয় নিশ্চিত হওয়ায় উপবৃত্তি প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা আরও বৃদ্ধি পেয়েছে। তিনি, যে সকল শিক্ষার্থীর এখনো বৈধ বিদ কার্ড নেই, তাদের দ্রুত নিবন্ধন করে তথ্য আপডেট করার অনুরোধ জানান। সরকারের এই পদক্ষেপ শিক্ষা ব্যবস্থায় সাম্য, স্বচ্ছতা ও সঠিক বণ্টন নিশ্চিত করবে মর্মে প্রত্যাশা ব্যক্ত করেন। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল) ঃ উপজেলা পরিষদের সম্মানিত প্রশাসক মহোদয় বলেন, সেপ্টেম্বর-২৫ মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্নিত দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানো হয়েছে যা এ সভায় অনুমোদনের প্রয়োজন।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১. | দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর আগস্ট-২৫ মাসের মজুরি প্রদান | ১৬,১০০/- |
| ২. | দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর আগস্ট-২৫ মাসের মজুরি প্রদান | ১৬,১০০/- |
| ৩. | উপজেলা পরিষদের আগস্ট-২৫ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল | ৫,০০০/- |
| ৪. | উপজেলা পরিষদের আগস্ট-২৫ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- |
| ৫. | উপজেলা পরিষদের প্রবেশ গেট নির্মাণ কাজের ২য় চুড়ান্ত বিল প্রদান | ৭,১১,৭৬৩/- |
| ৬. | উপজেলা পরিষদের প্রবেশ গেট নির্মাণ কাজের ৭% আয়কর প্রদান | ৬৫,৯৯২/- |
| ৭. | উপজেলা পরিষদের প্রবেশ গেট নির্মাণ কাজের ৭.৫% আয়কর প্রদান | ৭০,৭০৫/- |
| ৮. | উপজেলা পরিসদের প্রশাসক মহোদয়ের অতিরিক্ত দায়িত্ব ভাতা প্রদান বিল | ৪,৫০০/- |
| ৯. | উপজেলা পিরিষদের কম্পিউটার মেরামত ও নতুন প্রিন্টার ক্রয় বিল প্রদান | ২৬,৩০০/- |

সিদ্ধান্ত ঃ সভায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উল্লিখিত ব্যয় সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

সভাপতির বক্তব্যঃ

সভাপতি, সভায় উপস্থিত সকল কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানান। তিনি উপজেলার সার্বিক বিষয়ে পরামর্শ প্রদানের জন্য এবং সকল বিভাগের কর্মকর্তাদের সঠিক সময়ে অফিসে উস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। তিনি উন্নয়ন মূলক কাজের সঠিক

CamScanner

তদারকির জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তেরখাদা উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে লেখা পড়ার মান যাতে ঠিক থাকে এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন এবং বলেন তেরখাদা উপজেলার উন্নয়নে আমাদের সকলকে নিরলস ভাবে কাজ করার আহবান জানান।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে একসঙ্গে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১০/২৫

(জান্নাতুল আফরোজ স্বর্ণা)
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নং- উনিঅ/তের/সভা/২০২৫- ৭০৪/১ (৩০) তারিখঃ ৩০/১০/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ-

১। জেলা প্রশাসক, খুলনা।
২। উপজেলা ..................................................অফিসার, তেরখাদা, খুলনা।
৩। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।
৪। অফিস নথি।

৩০/১০/২৫

উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

CamScanner

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

সভার তারিখ-৩০/১০/২০২২ খ্রি, সময়: বেলা ১২.০০ ঘটিকা।

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০২. | চেয়ারম্যান ০২ নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১০. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১২. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৬. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৭. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৮. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা | |
| ১৯. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২২. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৩. | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা। | |
| ২৪. | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প। | |
| ২৫. | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, তেরখাদা, খুলনা। | |

পরিশিষ্ট-খ

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ

১. চয়ারম্যান, ০৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা।
২. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা।
৩. উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা।
৪. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা।
৬. ফরেস্টার, বন বিভাগ, তেরখাদা, খুলনা।
৭. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা
৮. উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা
৯. ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তেরখাদা, খুলনা।
১০. ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প।

CS CamScanner